

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১১৮.২০-৮৪

তারিখ: ০৫/১১/২০২৬ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ মেহেদী আফজাল, ঔষধ তত্ত্বাবধায়ক, জেলা ঔষধ প্রশাসনের কার্যালয়, বাগেরহাট এর গত ১৯.১০ ২০২০ খ্রি. তারিখে খুলনা বাগেরহাট মহাসড়কের রিয়াবাজার হরিণটানা মেইন গেটের সামনে পাকা রাস্তার উপর চেকপোস্টে খুলনা মেট্রোপলিটন পুলিশ (কেএমপি) কর্তৃক চেকিংকালে অবৈধ মাদকদ্রব্য ইয়াবাসহ ধৃত হন। এপ্রেক্ষিতে তাকে ১৫/১২/২০২০ খ্রি. তারিখের ৪০১ নং স্বারকে সাময়িক বরখাস্ত করা হয়।

যেহেতু পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ১৫/১২/২০২০ খ্রি. তারিখে ৪৪৮ নম্বর স্মারকে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় (মামলা নং: ৯৬/২০২০)।

যেহেতু গত ০৫/০৬/২০২৩ খ্রি. তারিখে বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-৪, খুলনা কর্তৃক প্রদত্ত আদেশে অভিযুক্ত কর্মকর্তাকে খালাস দেওয়া হয়।

যেহেতু গত ৩১/১২/২০২৩ খ্রি. তারিখের ৭২১ স্বারক মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা শাখা হতে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়।

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন।


যেহেতু গত ১১/০৮/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তাঁর বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়।

যেহেতু শুনানিতে তাঁর উপস্থাপিত বক্তব্য সন্তোষজনক হয়।

সেহেতু জনাব মোঃ মেহেদী আফজাল-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(ড. আ. ন. ম. বজ্জপুর-রশীদ)
সচিব

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৮.২০- ৮৪/১ (১০)

তারিখ: ০৫/১১/২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-পরিচালক রাজশাহী, ঔষধ প্রশাসন বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। উপসচিব (ঔষধ প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। জনাব মোঃ মেহেদী আফজাল, ঔষধ তত্ত্বাবধায়ক, জেলা ঔষধ প্রশাসনের জেলা কার্যালয়, রহমান গার্ডেন, চতুর্থ তলা, বড় হরিশপুর, নাটোর সদর, নাটোর।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। অফিস কপি।


(মোঃ আবু সুফিয়ান)
উপসচিব